ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২০১৮

আগরতলা, ৩ ডিসেম্বর, ২০২৪

# আগরতলা প্রেস ক্লাবে ৪ দিনব্যাপী মিডিয়া স্কিল ডেভেলপমেন্ট ওয়ার্কশপ সমাপ্ত







৪ দিনব্যাপী মিডিয়া স্কিল ডেভেলপমেন্ট ওয়ার্কশপের আজ শেষ দিন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং আগরতলা প্রেস ক্লাবের সহযোগিতায় এই কর্মশালার আয়োজন করা হয়। গত ২৯ নভেম্বর সন্ধ্যায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই কর্মশালার উদ্বোধন করেন। আগরতাল প্রেস ক্লাবে আয়োজিত এই কর্মশালায় রাজ্যের প্রিন্ট, ইলেক্ট্রনিক ও ওয়েব মিডিয়ার ৩০০ জন সাংবাদিক অংশ নেন। কর্মশালায় প্রেস ক্লাব অব ইন্ডিয়ার সভাপতি গৌতম লাহিড়ী, কলকাতা থেকে বিশিষ্ট সাংবাদিক সুদীপ্ত সেনগুপ্ত, বিপ্লব সাউ, বিকাশ দাস, অয়ন ভট্টাচার্য, গুয়াহাটি থেকে আগত অনির্বান রায় ও পীযূষ রঞ্জন বরদলই সহ স্থানীয় বিশিষ্ট সাংবাদিকগণ সাংবাদিকদের প্রশিক্ষণ দেন।

*****